রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৫, ২০২৪

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/২২ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

নং **০৪.০১.০০০০.১০৪.১৫.১৪৬.১৭.৪৫১৩১**—যেহেতু, জনাব মোঃ জাকারিয়া, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত আছেন। দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, কুষ্টিয়ায় কর্মকালীন তাকে দুদক, সজেকা, কুষ্টিয়া এর মামলা নং ০৪, তারিখ: ২৮-০২-২০২১ খ্রি: এর তদারককারী কর্মকর্তা নিয়োগ করা হয়। কমিশন কর্তৃক ১০-১০-২০২১ তারিখে বর্ণিত মামলার আসামি জনাব মো: নজরুল ইসলাম, সাবেক ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পিয়ারপুর ইউনিয়ন ভূমি অফিস, দৌলতপুর, কুষ্টিয়ার অপরাধলব্ধ স্থাবর সম্পত্তি ক্রোকের নিমিত্ত বিজ্ঞ আদালতে আবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়;

২। যেহেতু, তিনি যথাযথভাবে তদারকি না করায় তদন্তকারী কর্মকর্তা কমিশনের নির্দেশনা যথাযথভাবে পালন না করে আসামির অপরাধলব্ধ স্থাবর সম্পত্তি ক্রোকের আবেদন ০৫ মাস বিলম্ব করে ০৭-০৩-২০২২ তারিখে বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ আদালত, কুষ্টিয়ায় ক্রোকের আবেদন দাখিল করেন। বিজ্ঞ আদালত কর্তৃক ৩০-০৫-২০২২ তারিখে আবেদন নামঞ্জুরের পর এ বিষয়ে উচ্চ আদালতে আপিলের কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। এমনকি তার যথাযথ তদারকির অভাবে তদন্তকারী কর্মকর্তা যথাসময়ে এ মামলার প্রতিবেদন দাখিল করেননি। এছাড়া আপিল বিষয়ে পাবলিক প্রসিকিউটর এবং তদন্তকারী কর্মকর্তার সাথে পরামর্শ করে কোন আইনানুগ কার্যক্রম গ্রহণ করেননি। বিলম্বের কারণে মামলার আসামিকে বিচারের সম্মুক্ষীন করা সম্ভব হয়নি;

৩। যেহেতু, আসামি গত ৭-১১-২০২২ তারিখে মৃত্যুবরণ করলেও তিনি মামলা সম্পর্কে কোন খোঁজখবর রাখেননি। অধিকন্তু, তার যথাযথ তদারকির অভাবে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক আসামিকে গত ০৫-১২-২০২২ তারিখে বক্তব্য গ্রহণের জন্য নোটিশ প্রদান করা হয়, যা অপ্রত্যাশিত ও অগ্রহণযোগ্য। সঠিকভাবে তদারকি না করায় তদন্তকারী কর্মকর্তা নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পর গত ২৮-০২-২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদারকির অবহেলার কারণে আসামি মৃত্যুবরণের পর তদন্তকারী কর্মকর্তা কর্তৃক আসামির বক্তব্য গ্রহণের জন্য নোটিশ ইস্যু করা হয়, যা অপ্রত্যাশিত ও অগ্রহণযোগ্য। এ মামলার তদারকিতে তার কোন কার্যকর তৎপরতা ছিল না। তিনি দৃশ্যমান তদারকি করেননি;

৪। যেহেতু, জনাব মোঃ জাকারিয়া, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা এর উক্তরূপ কার্যকলাপ দুর্নীতি দমন কমিশন (কর্মচারি) চাকরি বিধিমালা, ২০০৮ এর ৩৯(খ) ও ৩৯(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'অদক্ষতা' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

৫। যেহেতু, জনাব মোঃ জাকারিয়া, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-এর বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'অদক্ষতা' এর উভয় অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় দুর্নীতি দমন কমিশন (কর্মচারি) চাকরি বিধিমালা, ২০০৮ এর ৪০(১)(ক)(২) অনুযায়ী তার "তার পরবর্তী বেতন বৃদ্ধির প্রাপ্যতার তারিখ হতে তৎপরবর্তী ০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান" এবং ভবিষ্যতে এই বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর জন্য কোন বকেয়া প্রাপ্য হবেন না মর্মে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গত ২৬-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩৯/২০২৩ নম্বর কমিশন সভায় লঘুদণ্ড প্রদানের এ সিদ্ধান্ত কমিশন কর্তৃক অনুমোদিত হয়।

৬। সেহেতু, জনাব মোঃ জাকারিয়া, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-কে দুর্নীতি দমন কমিশন (কর্মচারি) চাকরি বিধিমালা, ২০০৮ এর ৪০ (১)(ক)(২) অনুযায়ী উভয় অভিযোগে "পরবর্তী বেতন বৃদ্ধির প্রাপ্যতার তারিখ হতে তৎপরবর্তী ০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে এই বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর জন্য কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

৭। জনস্বার্থে এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্**
চেয়ারম্যান।

**জাতীয় মানবাধিকার কমিশন**
**প্রধান কার্যালয়, ঢাকা।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

নং **৫৫.১২.০০০০.১০৪.১১.০০১.২৩-১৩২৪**—জাতীয় মানবাধিকার কমিশনের প্রথম শ্রেণির কর্মকর্তা নিয়োগ/বাছাই কমিটির সুপারিশ গত ২৭ নভেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ১০৫তম কমিশন সভায় অনুমোদনক্রমে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০—৫৩০৬০/- ও জাতীয় মানবাধিকার কমিশনের বিদ্যমান চাকরি বিধিমালার অন্যান্য সুবিধাদিসহ কমিশনের সহকারী পরিচালক (৯ম গ্রেড) পদে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | নাম ও স্থায়ী ঠিকানা | রোল নম্বর |
|---|---|---|
| ১. | নাম : আবিদ হাসান<br>পিতা : মোঃ ছায়ের উদ্দিন<br>গ্রাম : ঝাউগড়া, ডাকঘর : পলাশীবাজার-২০১০, থানা : মেলান্দহ, জেলা : জামালপুর। | ১৮০৬৩০৬ |
| ২. | নাম : মোঃ মেহেদী হাসান<br>পিতা : মোঃ রশিদ সরকার<br>গ্রাম : মহেশপুর, ডাকঘর : ঘাশিপুকুরপাড়-১৫০০, থানা : মুন্সীগঞ্জ সদর, জেলা : মুন্সীগঞ্জ | ১৮০৭৮৯১ |
| ৩. | নাম : মোঃ ইমরান হোসেন<br>পিতা : মোঃ মোশাররফ হোসেন<br>বাসা/ হোল্ডিং : ১৪৩/৭ (এ), কাঠেরপুল, কোনাপাড়া, খলিল মাষ্টার রোড, থানা: যাত্রাবাড়ি, জেলা: ঢাকা। | ১৮০১৯৫৭ |
| ৪. | নাম : মোহাম্মদ নাঈম চৌধুরী<br>পিতা: মোহাম্মদ মাসুদুর রহমান চৌধুরী<br>গ্রাম : কুন্ডা, ডাকঘর : কুন্ডা-৩৪৪০, থানা : নাসিরনগর, জেলা : ব্রাহ্মণবাড়িয়া। | ১৮০২০৮৯ |
| ৫. | নাম : মোঃ গোলাম হাবিব<br>পিতা : মোঃ বাদশা মিয়া<br>গ্রাম : চকপোতা, ডাকঘর : শেরপুর-৫৮৪০, থানা: শেরপুর, জেলা: বগুড়া। | ১৮০৪৩৯৪ |
| ৬. | নাম : মোহাম্মদ ইকবাল হোসেন<br>পিতা : মোহাম্মদ নুরুল আবছার<br>বাসা/ হোল্ডিং : হিরাইয়ার বাড়ি<br>গ্রাম: বক্তপুর, ডাকঘর: বক্তপুর-৪৩৫১, থানা: ফটিকছড়ি, জেলা: চট্টগ্রাম। | ১৮০৮৭৭৩ |
| ৭. | নাম: মোঃ মোস্তফা আলী<br>পিতা: মোঃ রহমত আলী<br>গ্রাম: ঘাটিনা, এনায়েতপুর, ডাকঘর: খানসোনতলা-৬৭৬০, থানা: উল্লাপাড়া, জেলা: সিরাজগঞ্জ। | ১৮০০৪২৭ |

২। এ নিয়োগের প্রারম্ভিক ২(দুই) বছর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। এই প্রারম্ভিক শিক্ষানবিশকালে তাঁদের কার্যকলাপ ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে তাঁর শিক্ষানবিশকালের মেয়াদ বর্ধিত করা হবে। শিক্ষানবিশের মেয়াদ (বর্ধিত মেয়াদ থাকলে তাসহ) সমাপনান্তে তাঁদের আচরণ ও কার্যকলাপ সন্তোষজনক না হলে কিংবা তাঁদের কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই মর্মে প্রতীয়মান হলে বা পুলিশী প্রতিবেদন সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁদের চাকরির অবসান ঘটাতে পারবেন।

৩। চাকরিতে যোগদানের সময় তাঁদেরকে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতার (Physical fitness) সার্টিফিকেট দাখিল করতে হবে। চাকরিতে যোগদানের পর পুলিশী তদন্ত প্রতিবেদনের জন্য নির্দিষ্ট ফরম পূরণপূর্বক দাখিল করতে হবে।

৪। এ নিয়োগ আদেশে সুনির্দিষ্ট নেই এরূপ ক্ষেত্রে জাতীয় মানবাধিকার কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১৯ এবং কমিশন কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা তাঁদের চাকরি নিয়ন্ত্রিত হবে।

৫। আগামী ২১-১২-২০২৩ তারিখ চাকরিতে যোগদানে ব্যর্থ হলে তাঁদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং যোগদানের তারিখ হতে তা কার্যকর হবে।

**মোঃ আশরাফুল আলম**
সচিব (ভারপ্রাপ্ত)।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখ : 22-NOV-23

নং **আরজেএসসি/ডি, এন/16439**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Evergreen Resort & Bird Park Limited Change from Evergreen Resort & Eco Tourism Limited-[KHC-1486] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোন কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Fazlur Rahman**
Assistant Registrar.

নং **আরজেএসসি/ডি, এন/16440**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Tuktuk Automobile & Power Industries Ltd.-[KHC-1409] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোন কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Fazlur Rahman**
Assistant Registrar.
নিবন্ধকের পক্ষে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৮ নভেম্বর ২০২৩ খ্রি.

নং **০৮.০১.৬০০০.০০৪.১৯.০৩৮.১১(অংশ-৩)/৬৩৩১**—কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এ কর্মরত/পদস্থকৃত নিচে বর্ণিত সহকারী রাজস্ব কর্মকর্তাদেরকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁর/তাঁদের নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | জনাব নাবিলা আহসান চৌধুরী ১৬-০৫-১৯৮২ | সদর দপ্তর, সিলেট | বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট |
| ২. | জনাব মোহাম্মদ দিদারুল ইসলাম ২১-০৫-১৯৮৯ | সদর দপ্তর, সিলেট | তামাবিল এলসি স্টেশন |
| ৩. | জনাব শিমুল সেন ১০-০৩-১৯৯০ | বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট | তামাবিল এলসি স্টেশন |

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ৩০ নভেম্বর ২০২৩ খ্রি.

নং **০৮.০১.৬০০০.০০৪.১৯.০৩৮.১১(অংশ-৩)/৬৩৮৭**—কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এ কর্মরত/পদস্থকৃত নিচে বর্ণিত সহকারী রাজস্ব কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁর নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | জনাব মোহাম্মদ মিলন উদ্দিন ২৫-০৫-১৯৯০ | সদর দপ্তর, সিলেট | তামাবিল এলসি স্টেশন |

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ এনামুল হক**
কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।**
**সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ আশ্বিন ১৪৩০/০২ অক্টোবর ২০২৩

নং **০৫.৪৬.০০০০.০০৪.১৯.০১৮.১৭.১০০১**—সহকারী কমিশনার (ভূমি) হিসেবে সিলেট বিভাগে কর্মরত/ন্যস্তকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাগণ-কে তাঁদের নামের পাশে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে বদলি/পদায়ন করা হলো :

| ক্রম | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০১ | জনাব তনুকা ভৌমিক (১৮৬৯৯) | সিলেট | উপজেলা ভূমি অফিস, জামালগঞ্জ, সুনামগঞ্জ | উপজেলা ভূমি অফিস, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ |
| ০২ | জনাব মোঃ সাইফুল ইসলাম (১৮৫৭৫) | দিনাজপুর | সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এ ন্যস্ত | উপজেলা ভূমি অফিস, জামালগঞ্জ, সুনামগঞ্জ |

২। সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মতে বর্ণিত কর্মকর্তা- কে নিজ অধিক্ষেত্রে সার্টিফিকেট অফিসার হিসেবে নিয়োগের জন্য সংশ্লিষ্ট কালেক্টর- কে অনুমতি প্রদান করা হলো।

৩। ক্রমিক ০২ এ বর্ণিত কর্মকর্তা এ কার্যালয়ে ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখ যোগদান করেন। তাঁকে এ কার্যালয় থেকে কোনো বেতন-ভাতাদি পরিশোধ করা হয়নি। বর্ণিত কর্মকর্তাকে ০২ অক্টোবর ২০২৩ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি**
বিভাগীয় কমিশনার।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা**
**ভূমি অধিগ্রহণ শাখা-০৩**

**অধিগ্রহণ মামলা নং-০৩.১৫.১৬/২০২১-২০২২**

**ফরম "ঘ"**

**"ঘোষণা"**

**[১৩ (২) ধারা মোতাবেক)]**

যেহেতু এ মর্মে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং "স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১১(২) নং ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে অনুমিত হয়েছে।

সেহেতু, এক্ষণে উক্ত আইনের ১৩(২) নং ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হ'ল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হ'ল।

**তফসিল**

জেলা-ঢাকা, থানা: পল্লবী, মৌজা-চাকুলী, জে.এল নম্বর-০৮

| সিটি খতিয়ান নং | সিটি দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমান (একরে) |
|---|---|---|
| ৬০৯ | ৮৫২৫ অংশ | ০.০০৪০৩ |
| | মোট= | ০.০০৪০৩ একর |

জেলা-ঢাকা, থানা: পল্লবী, মৌজা-উত্তর সেনপাড়া পর্বতা, জে. এল. নম্বর-**১১**

| সিটি খতিয়ান নং | সিটি দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩৯২১ | ৫৩৮ অংশ | ০.০০৪৯৬ |
| ২৮৫৩ | ৫৪০ অংশ | ০.০১০০১ |
| | মোট= | ০.০১৪৯৭ একর |

দুইটি মৌজায় সর্বমোট (০.০০৪০৩+০.০১৪৯৭)= ০.০১৯০ একর

**পারভেজ চৌধুরী**
অতিরিক্ত জেলা প্রশাসক (এল. এ)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর এল. এ মামলা নং-০৩/২০২২-২০২৩**

**অধিগ্রহণ ঘোষণা বিজ্ঞপ্তি**

[১৩(২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর **১১** ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে মর্মে গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে উক্ত আইনের **১৩** ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ঐ সম্পত্তি সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজার নাম : দক্ষিণ পতেঙ্গা, উপজেলা/থানা : বন্দর, জেলা : চট্টগ্রাম

| বি.এস খতিয়ান নম্বর | বি.এস দাগ নম্বর | রেকর্ডীয় শ্রেণি | বর্তমান শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|---|
| বিএস ৪৫৫, সৃজিত ৭০৫৬। | ৬০৭৪ | নাল | নাল | ০.১৪০০ | ০.০৩৫৫ |
| | | | ভিটি | | ০.০০৪৫ |
| বি এস ১৫৭৭। | ৬০৭৭ | নাল | নাল | ০.২২০০ | ০.২২০০ |
| বি এস ১৫৭৭। | ৬০৭৮ | নাল | নাল | ০.১৭০০ | ০.১৭০০ |
| | | | | মোট | ০.৪৩০০ একর |

মোট খতিয়ানের সংখ্যা : ০৩ টি, মোট দাগের সংখ্যা : ০৩ টি অধিগ্রহণে সম্পৃক্ত জমির পরিমাণ: ০.৪৩০০ একর।

**আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**ঘোষণা**

[১৩(২) ধারামতে]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর **১১** ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণের টাকা প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের **১৩** ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**তফসিল**

জেলা- সিলেট, উপজেলা- দক্ষিণ সুরমা, মৌজা-শ্রীরামপুর, জেএল নম্বর-**১২৯**

| খতিয়ান নম্বর | এসএ দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১২২০, ১৪৭২ | ৭২৫ অংশ | ০.০৫ |
| ৮৬৬, ১৩৭৪ | ৭২৬ অংশ | ০.১০ |
| ৮৬৩, ১৪৮৯, ১৬৬৮ | ৭২৯ অংশ | ০.৩০ |
| ৮৮৬ | ৭৩০ অংশ | ০.১২ |
| ৮৬৯, ১৮২৬ | ৭৩১ অংশ | ০.১৭ |
| ৮৮৬ | ৭৩৩ অংশ | ০.১৮ |
| ৮৮৬, ১২২০, ১৩৪১ | ৭৩৫ অংশ | ০.২০ |
| ৮৮৬, ১৮০২ | ৭৩৬ অংশ | ০.২২ |
| ১২২৩, ১৪১৪ | ৭৩৭ অংশ | ০.১৬ |
| | সর্বমোট | ১.৫০ একর |

**মোঃ আসলাম উদ্দিন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**এলএ কেস নং ০১/বিউবো/২০১৭**

**ফরম "ঘ"**

**(৫ বিধি দ্রষ্টব্য)**

[১১ (২) ধারা অনুযায়ী]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী **১৯৮২** সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল

আইন (১৯৮২ সনের ০২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, উক্ত আইনের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হইয়াছে এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফশিল**

জেলা: বগুড়া, উপজেলা: শাজাহানপুর, মৌজা: সুজাবাদ, জেএল নং ১৭৭

| এম আর আর খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২৪৫ | ৪৯৬ | ০.১৯০০ |
| ২৪৫ | ৪৯৭ | ০.১০০০ |
| ৮২ | ৪৯৯ | ০.১২০০ |
| ৬৫ | ৫০০ | ০.১৪০০ |
| ২৪৫ | ৫০১ | ০.০৭০০ |
| ৮২ | ১৬৭০ | ০.০৬৭৫ |
| ২৯৫ | ১৬৭১ | ০.১০৫০ |
| ২৯২ | ১৬৭২ | ০.১০৭৫ |
| | মোট: | ০.৯০০০ একর |

জমির নক্‌শা জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**আলীমুন রাজীব**
অতিরিক্ত জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**পুনগ্রহণ (রিজিউম) কেস নং ০২/২০২২-২০২৩**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, নোয়াখালী সদর উপজেলাধীন ৯৮নং মাইজদী মৌজার নিম্ন তফসিলভুক্ত ভূমি এল.এ কেস নং-০২/১৯২০-২১ মূলে নোয়াখালী জেলা হেড কোয়ার্টার স্থাপনের জন্য সি.এন্ড.বি ডিপার্টমেন্ট (বর্তমানে গণপূর্ত বিভাগ), নোয়াখালীর নামে অধিগ্রহণ করা হয়েছিল। উক্ত ভূমি যে উদ্দেশ্যে অধিগ্রহণ করা হয়েছিল সে উদ্দেশ্যে ব্যবহৃত না হওয়ায় এবং ভূমি মন্ত্রণালয়ের অধিগ্রহণ-২ অধিশাখার ১৪ নভেম্বর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৮.৬৮.০৬২.২২-১৭৪নং স্মারকে পুনগ্রহণ (রিজিউম) করার অনুমতি প্রদান করায় উক্ত ভূমি পুনগ্রহণ (রিজিউম) এর সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ধারা ১৯(৩) বিধান মোতাবেক নিম্ন তফসিলে বর্ণিত ভূমি পুনগ্রহণ (রিজিউম) করে সরকারের ০১নং খাস খতিয়ানভুক্ত করা হলো।

**তফসিল**

মৌজা: মাইজদী, জে, এল নং-৯৮, উপজেলা: নোয়াখালী সদর, জেলা: নোয়াখালী

| খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ০২ | ২৫২৪ | ০.১৯০০ |
| | ২৫২৩ | ০.১৪০০ |
| | সর্বমোট= | ০.৩৩০০ |

**দেওয়ান মাহবুবুর রহমান**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ অনুযায়ী**

**এল.এ মামলা নম্বর ১৭/২০২১-২০২২**

**ঘোষণা**

[১৩ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলায় "দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সদর/স্থানে ১৫৬ টি (সংশোধিত-১৪৩) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন শীর্ষক প্রকল্প" এর জন্য উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**অধিগ্রহণকৃত ভূমির তফসিল**

| খং নং বি.এস | দাগ নং বি.এস | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৬০২, ১৬৪৮, সৃজিত ২৮৩৩ | ১২৯১ | ০.৩১০০ | ০.৩১০০ |
| ১৩৯৬, সৃজিত ২৯০৪ | ১৩৯৬ | ০.২৫০০ | ০.১৮০০ |
| ১৭৬৪, সৃজিত ২৯০৪ | ১২৯৭ | ০.১৭০০ | ০.১৭০০ |

| খং নং বি.এস | দাগ নং বি.এস | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৫৬৯, সৃজিত ২৮৩৩ | ১২৯৯ | ০.২২০০ | ০.১৪০০ |
| | | মোট | ০.৮০০০ একর |

মোট জমির পরিমাণ : ০.৮০০০ একর

অধিগ্রহণকৃত ভূমির নকশা এল.এ শাখা কুমিল্লায় সংরক্ষিত আছে।

**মোহাম্মদ কাবিরুল ইসলাম খান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**ভূমি অধিগ্রহণ কেস নং ১৯/২০১৭-২০১৮**

**ফরম-ঘ**

**(৯ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১৩ (২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা : নওগাঁ, উপজেলা : আত্রাই, মৌজা : বান্দাইখাড়া, কসবা, জে.এল. নং : ০৯

| আরএস খতিয়ান নং | আরএস দাগ নং | মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৫৪২ | ৩০৫৮ | ০.৮৬ | ০.৪০ |
| মোট= ০.৪০ একর | | | |

মোট জমির পরিমাণ = ০.৪০ একর।

**মোঃ গোলাম মওলা**
জেলা প্রশাসক।

**ভূমি অধিগ্রহণ কেস নং ২০/২০১৭-২০১৮**

**ফরম-ঘ**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১৩ (২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা : নওগাঁ, উপজেলাঃ নিয়ামতপুর, মৌজা : হাজীনগর, জে. এল নংঃ ১২

| আরএস খতিয়ান নং | আরএস দাগ নং | মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ২৫৩ | ১৬২ | ৩.৪০ | ০.৪০ |
| মোট= ০.৪০ একর | | | |

মোট জমির পরিমাণ = ০.৪০ একর।

**মোঃ গোলাম মওলা**
জেলা প্রশাসক।

---

**ভূমি অধিগ্রহণ কেস নং ১৫/২০১৭-২০১৮**
**ফরম-ঘ**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১৩ (২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে

অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা : নওগাঁ, উপজেলা: নওগাঁ সদর, মৌজা : চকদরাপ, জে. এল নং: ১৫৫

| আরএস খতিয়ান নং | আরএস দাগ নং | মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৬৪ | ১৫৫ | ০.৩০ | ০.০৪ |
| ১৩৮ | ১৮৪ | ০.৩৩ | ০.৩৩ |
| ৬৪ | ১৮৫ | ০.১২ | ০.০৩ |
| | | | মোট= ০.৪০ একর |

মোট জমির পরিমাণ = ০.৪০ একর।

**মোঃ গোলাম মওলা**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ মামলা নং : ০১/২০০৭-০৮**

**ফরম-ঘ**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণাপত্র**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লেখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা : ঘোষেরচর, জে,এল নং : ৮৯, উপজেলা: গোপালগঞ্জ সদর, জেলা : গোপালগঞ্জ

| খতিয়ান নং (এস. এ) | দাগ নং (এস এ) | মোট জমি (একরে) | অধিগ্রহণকৃত জমি (একরে) |
|---|---|---|---|
| ১৭৭ | ৬০৮ | ০.২০ | ০.১৮০০ |
| ১৭৭ | ৪৬০৯ | ০.২০ | ০.০৮৭৫ |
| ১৭৭ | ৪৬১০ | ০.১৮ | ০.০৬৭৫ |
| ৪৯৬ | ৪৬১১ | ০.৫৫ | ০.৩০৫০ |
| ৮৫ | ৪৫৫৬ | ০.২৪ | ০.০৪০০ |
| | | মোট= | ০.৬৮০০ একর |

**মোছাঃ নাজমুন নাহার**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর এল.এ মামলা নং-০২/২০২১-২০২২**

**অধিগ্রহণ ঘোষণা বিজ্ঞপ্তি**

**[ধারা ১৩(২) মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে মর্মে গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা- ফেনী, উপজেলা-পরশুরাম, মৌজা-শলীয়া, জে. এল নং ৫৮

| বিএস খতিয়ান নং | বিএস দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত প্রস্তাবিত ভূমির পরিমাণ (একর) | রেকর্ডীয় শ্রেণি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৬৯ | ২৭৩ | ০.১৪০০ | ০.০৬৫০ | নাল | |
| ৪৮ | ২৭৪ | ০.০৭০০ | ০.০৪২০ | নাল | |
| ৪৬৭ | ২৭৫ | ০.০৭০০ | ০.০৬৪০ | নাল | |
| ৪৫২ | ২৭৬ | ০.১০০০ | ০.১০০০ | নাল | |
| ৩৭৬ | ২৭৭ | ০.১৭০০ | ০.১৭০০ | নাল | |
| ৬৯ | ২৭৮ | ০.১৮০০ | ০.১৮০০ | নাল | |
| ৬৪৪ | ২৭৯ | ০.১২০০ | ০.০২৬০ | নাল | |
| ৫৮৩ | ২৮০ | ০.১২০০ | ০.০৬৩০ | নাল | |
| ৪০৭ | ২৮১ | ০.১০০০ | ০.০৮২০ | নাল | |
| ৫৮৩ | ২৮২ | ০.১০০০ | ০.১০০০ | নাল | |
| ৪১৭ | ২৮৩ | ০.১২০০ | ০.০৩৭০ | নাল | |
| ৫০৪ | ২৮৪ | ০.১০০০ | ০.০০৩০ | নাল | |
| ২২১ | ২৮৫ | ০.৪৪০০ | ০.০২২০ | নাল | |
| ৩৯১ | ৩০৯ | ০.৩৫০০ | ০.০০৫০ | নাল | |
| ১০৩ | ৩১০ | ০.২৪০০ | ০.২৪০০ | নাল | |
| ৪১৭ | ৩১১ | ০.০৯০০ | ০.০৯০০ | নাল | |
| ৪১৭ | ৩১২ | ০.০৯০০ | ০.০৯০০ | নাল | |
| ৫৮৩ | ৩১৩ | ০.১৮০০ | ০.১৮০০ | নাল | |
| ২৭২ | ৩১৪ | ০.২০০০ | ০.২০০০ | নাল | |
| ৫৫০ | ৩১৫ | ০.২৪০০ | ০.১১৫০ | নাল | |
| ৫৭৪ | ৩১৮ | ০.২৮০০ | ০.০১৫০ | নাল | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ৪৪৫, ৭৬৬ | ৩১৯ | ০.১৬০০ | ০.২৩০০ | নাল | নকশা পরিমাপে ০.২৩০০ একর |
| ৪৪৫ | ৩২০ | ০.১৪০০ | ০.১৪০০ | নাল | |
| ৩৯১ | ৩২১ | ১.০০০০ | ০.৪৫০০ | নাল | |
| ৬৯০ | ৩২৩ | ০.৫১০০ | ০.০৩২০ | নাল | |
| ৬০০ | ৩২৩/২৮৫৬ | ০.৪০০০ | ০.৪০০০ | নাল | |
| ৩৩৮ | ৩২৪ | ০.৮৬০০ | ০.৪২৫০ | নাল | |
| ৩৫৫ | ৩২৫ | ০.৫৩০০ | ০.২৪০০ | নাল | |
| ৪৪৫ | ৩২৬ | ০.১৩০০ | ০.১৩০০ | নাল | |
| ৪৩৭ | ৩২৭ | ০.৩২০০ | ০.২৮০০<br>০.০৪০০ | পুকুর<br>পুকুর পাড় | |
| ২৬৯ | ৩২৮ | ০.১৬০০ | ০.১১৫০<br>০.০৪৫০ | পুকুর<br>পুকুর পাড় | |
| ৩৯১ | ৩২৯ | ০.৩০০০ | ০.০৫৫০ | নাল | |
| ৪৯৭ | ৩৩০ | ০.৪৯০০ | ০.১৪০০<br>০.০৪০০ | পুকুর<br>পুকুর পাড় | |
| ৬৯৮ | ৩৩১ | ০.৫৮০০ | ০.২৯০০ | বাগান | |
| ৬৪৩ | ৩৩২ | ০.৫২০০ | ০.২২৫০ | নাল | |
| ৫২৩ | ৩৩৮ | ০.১৪০০ | ০.০১৭৫ | নাল | |
| ১৩৭ | ৩৩৯ | ০.১৬০০ | ০.১৬০০ | নাল | |
| ৫৫ | ৩৪০ | ০.২৬০০ | ০.০৮৫০ | নাল | |
| ৪২৯ | ৩৪১ | ০.১৭০০ | ০.০১৭৫ | নাল | |
| ৪৫১ | ৩৪২ | ০.২৮০০ | ০.০০৪০ | নাল | |
| | | মোট= | ৫.৪৫০০ একর | | |

মোট খতিয়ান সংখ্যা : ৩২টি, মোট দাগের সংখ্যা : ৪০টি

মোট অধিগ্রহণকৃত জমির পরিমান : ৫.৪৫০০ একর

বিস্তারিত দাগসূচি ও ভূমি নকশা এ কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় সংশ্লিষ্ট নথির সঙ্গে সংরক্ষিত আছে।

**মুছাম্মৎ শাহীনা আক্তার**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**১৯৮২ খ্রিষ্টাব্দের ২নং সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ কেস নং-০৪/২০১৬-২০১৭**

**ফরম 'ঘ'**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ খ্রিষ্টাব্দের ২নং স্থাবর সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে।

সেহেতু, এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা- লক্ষ্মীপুর, উপজেলা- রামগতি, মৌজা- চরপোড়াগাছা, জে এল নং-২৫

| দিয়ারা খতিয়ান নং | দিয়ারা দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ৭৭১/৩৫ | মূল দাগে ১৮২.২০ | ০.৩৫ | আংশিক |
| ০১ | ৭৭১/৩০ | | ০.৩৫ | আংশিক |
| ০১ | ৭৭১/২৯ | | ০.২০ | আংশিক |
| ০১ | ৭৭১/৩৬ | | ০.৬০ | আংশিক |
| ০১ | ৭৭১/৩৮ | | ০.৭০ | আংশিক |

জেলা- লক্ষ্মীপুর, উপজেলা- রামগতি, মৌজা- চরকলাকোপা, জে এল নং-৫৪/২৪

| ক্রমিক নং | দিয়ারা খতিয়ান নং | দিয়ারা দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ১,৯০ | ১৬৩৭ | ৫.০৬ | ১.১৪ | আংশিক |
| ০২ | ১,৯০ | ১৬৩৮ | ৪.৩৫ | ০.৩১ | আংশিক |

মোট=১.৪৫ একর

সর্বমোট জমির পরিমাণ ৩.৬৫ একর।

অধিগ্রহণকৃত ভূমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**সুরাইয়া জাহান**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়**
**ভূমি অধিগ্রহণ শাখা**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর এল এ মামলা নম্বর ০১/২০২২-২৩**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের লক্ষ্যে প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রাক্কলনের চাহিদা প্রাপ্তির তারিখ হইতে ১২০ (একশত বিশ) কার্যদিবসের মধ্যে প্রত্যাশী সংস্থা কর্তৃক ক্ষতিপূরণ অর্থ প্রদান করা হয় নাই এবং যাহার জন্য ঐ সম্পত্তির মালিক স্বার্থবান ব্যক্তিগণ দায়ী নন।

সেহেতু, এই সঙ্গে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১৪(১) ধারা অনুসারে আমি ঘোষণা করিতেছি যে, ২২-১১-২০২৩ তারিখ হতে নিম্ন বর্ণিত সম্পত্তি সম্পর্কে এল, এ মামলা নম্বর ০১/২০২২-২৩ এর গৃহীত সকল কার্যক্রম বাতিল করা হইল।

**তফসিল**

জেলা: পঞ্চগড়, উপজেলা: পঞ্চগড় সদর, মৌজা: নিজামাবাদ, জে এল নং: ২০

| এস এ খতিয়ান | এস এ দাগ নং | জমির শ্রেণি | দাগে মোট জমির পরিমান ( একরে) | অধিগ্রহণে সম্পৃক্ত জমির পরিমান (একরে) |
|---|---|---|---|---|
| ৩৮৯ | ১২৪০ | দহলা | ১.৮৪০০ | ১.০০০ |
| | | | মোট | ১.০০০ একর |

**মোঃ জহুরুল ইসলাম**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**"স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮২" এর অধিগ্রহণ কেস নং-১৫/৮৯-৯০**

**ফরম 'ঘ'**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী "স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮২" এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে উক্ত আইনের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি "ঢাকা-খুলনা মহাসড়ক নির্মাণ" প্রকল্প বাস্তবায়নের জন্য নির্বাহী প্রকৌশলী, মুন্সীগঞ্জ সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ এর অনুকূলে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল ঃ

**তফসিল**

মৌজাঃ বড়বর্ত্তা, জে. এল নং ২৪, উপজেলা: সিরাজদিখান, জেলা: মুন্সীগঞ্জ

| আর. এস. দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমান (একরে) |
|---|---|
| ১২৩৮ | ০.২৭ |
| ১২৩৯ | ০.২৫ |
| ১২৩৫ | ০.১৯ |
| ১২৩৬ | ০.২১ |
| ১২৪০ | ০.৩৭ |
| ১২৪১ | ০.৪০ |
| ১২৪২ | ০.২৮ |
| ১২৪৩ | ০.৩৩ |
| ১২৪৪ | ০.৫৮ |
| ১২৪৫ | ০.৩২ |
| ১২৪৬ | ০.০৪ |
| মোট= | ৩.২৪ |

**জাকির হোসেন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**"স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭"**
**(২০১৭ সনের ২১ নং আইন) এর**

**ভূমি অধিগ্রহণ কেস নং -০৩/২০২২-২৩**

**ফরম 'ঘ'**

**ঘোষণা**
**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইবে;

সেহেতু, এক্ষণে উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি "ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়ক উন্নয়ন" প্রকল্প বাস্তবায়নের জন্য নির্বাহী প্রকৌশলী, মুন্সীগঞ্জ সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ এর অনুকূলে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা ঃ মুন্সীগঞ্জ, উপজেলা ঃ লৌহজং, মৌজাঃ উত্তর মেদিনীমন্ডল, জে এল নং-৪

| আরএস দাগ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১০০৭ (আং) | ০.০৬৩৭ |
| ১০০৮ (আং) | ০.০১৩৪ |
| ১৩৮৩ (আং) | ০.১৭৫৯ |
| ১৩৮৪ (আং) | ০.০৩০৮ |
| ১৩৮৫ (আং) | ০.০০১৬ |
| ১৩৯২ (আং) | ০.০০০৮ |
| ১৩৯৩ (আং) | ০.০৫২৫ |
| ১৩৯৬ (আং) | ০.১১৮৪ |
| মোট= | ০.৪৫৭১ একর |

**জাকির হোসেন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**অধিগ্রহণ কেস নং-০৪/২০২২-২৩ (সা:)**

**('স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭' এর ১৪(১) ধারামতে)**

**ঘোষণাপত্র**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক "কালিগঞ্জ থানাস্থ ড্যামরাইল নামক স্থানে নতুন বিওপি স্থাপন" প্রকল্পের জন্য অধিগ্রহণ করা হয় এবং প্রাক্কলনের চাহিদা অনুযায়ী ক্ষতিপূরণের অর্থ চাহিদা প্রাপ্তির তারিখ হতে ১২০ (একশত বিশ) কার্যদিবসের মধ্যে প্রত্যাশী সংস্থা কর্তৃক জমা প্রদান করেন নাই; যাহার জন্য এ সম্পত্তির মালিক বা স্বার্থবান ব্যক্তি দায়ী নন।

সেহেতু, 'স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭' এর ১৪(১) ধারার ক্ষমতাবলে আমি এতদ্বারা ঘোষণা করছি যে, ২১ নভেম্বর, ২০২৩ খ্রি: তারিখ হতে ০৪/২০২২-২৩ (সা:) নং এল. এ কেসে গৃহীত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির সকল অধিগ্রহণ কার্যক্রম বাতিল করা হলো।

**তফসিল**

জেলাঃ সাতক্ষীরা, উপজেলাঃ কালিগঞ্জ, মৌজাঃ মোস্তফা পুর, জে.এল. নং-৬৮

| খতিয়ান নং (বি,আর, এস) | দাগ নং (বি,আর, এস) | রেকর্ডীয় শ্রেণি | দাগের মোট জমি (একরে) | অধিগ্রহণে সম্পৃক্ত জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের অংশ |
|---|---|---|---|---|---|
| ০৬ | ২০৬ | বিলান | ২.৬২০০ | ১.০০ | আংশিক |

**মোহাম্মদ হুমায়ুন কবির**
জেলা প্রশাসক।

---

**পুলিশ সুপারের কার্যালয়**
**খুলনা**

**অফিস আদেশ**

তারিখ : ০২ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

নং **২৫৯৮/১(২০)/সি**—খুলনা জেলার নিম্নবর্ণিত পুলিশ পরিদর্শক' কে নামের পার্শ্বে বর্ণিত ইউনিটে জনস্বার্থে বদলি/পদায়ন করা হলো।

জনাব তফসির উদ্দিন, বিপি-৮৩১৩১৪৮৬২০, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), লাইনওআর, খুলনা—ইনচার্জ, কপিলমুনি পুলিশ ফাঁড়ি, পাইকগাছা থানা, খুলনা।

**মোহাম্মদ সাঈদুর রহমান পিপিএম সেবা**
পুলিশ সুপার।

---

**পুলিশ সুপারের কার্যালয়, ঝালকাঠি**

**অফিস আদেশ**

তারিখ : ২৩ নভেম্বর ২০২৩ খ্রি:

নং **পুঃঅঃ/ঝালঃ(স্টেনো-১)/১৭-২০২২/১৫১৯/১(২৫)/সি**—ঝালকাঠি জেলার নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকদ্বয়কে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত ইউনিটে জনস্বার্থে পদায়ন করা হলো।

১. জনাব জেসমিন আক্তার পল্লবী, বিপি-৭৯০৪১০৪৪১০, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ কার্যালয় প্রজ্ঞাপন নং-৫০৭, তারিখ-১১-৯-২০২৩ খ্রিঃ মোতাবেক ২১-১১-২০২৩ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে বরগুনা জেলা হতে বদলীসূত্রে ঝালকাঠি জেলায় যোগদানকৃত—ইনচার্জ, পুলিশ কন্ট্রোল রুম, ঝালকাঠি। (অতিরিক্ত দায়িত্বে পিআরও শাখা)।

২. জনাব সমীর কুমার দাস, বিপি-৭১৯২০৭৫৪৩৯, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ কার্যালয় প্রজ্ঞাপন নং-৬১৩, তারিখ-০৯-১১-২০২৩ খ্রিঃ মোতাবেক ২২-১১-২০২৩ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে বরিশাল জেলা হতে বদলীসূত্রে ঝালকাঠি জেলায় যোগদানকৃত—ইন্সপেক্টর (তদন্ত), কাঠালিয়া থানা, ঝালকাঠি।

**মোহাম্মদ আফরুজুল হক টুটুল**
পুলিশ সুপার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**সারিয়াকান্দি, বগুড়া**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪৩০/২৩ নভেম্বর ২০২৩

নং **০৫.৫০.১০৮১.০০০.০৯.০০৫.২৩.১১৪২**—এতদ্দ্বারা অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার কুতুবপুর ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ফরিদ উদ্দিন প্রামানিক, পিতাঃ জসিম উদ্দিন প্রামানিক, গ্রাম-শোলারতাইড়, সারিয়াকান্দি, বগুড়া গত ১৬ নভেম্বর ২০২৩ তারিখ মৃত্যুবরণ করছেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ধারা ৩৫ এর ১(ঙ) উপ-ধারার আলোকে এবং ধারা ৩৫ এর ২ উপ-ধারার ক্ষমতাবলে আমি মোঃ তৌহিদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া কর্তৃক তার মৃত্যুর কারণে ১৬ নভেম্বর ২০২৩ তারিখ অপরাহ্ন হতে কুতুবপুর ইউনিয়ন পরিষদ এর ০৯ নং ওয়ার্ডের মরহুম মোঃ ফরিদ উদ্দিন প্রামানিক এর সাধারণ আসনের সদস্য পদটি শূন্য ঘোষণা করা হলো।

**মোঃ তৌহিদুর রহমান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ঝালকাঠি সদর, ঝালকাঠি**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০১ অগ্রহায়ণ, ১৪৩০/১৬ নভেম্বর, ২০২৩

নং **০৫.১০.৪২৪০.০০২.০৪.০১৮.২৩-৪২৭(১২)**—ঝালকাঠি জেলাধীন ঝালকাঠি সদর উপজেলার ৯নং শেখেরহাট ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের নির্বাচিত ইউনিয়ন পরিষদ সদস্য জনাব বীরেন মন্ডল গত ১৩ নভেম্বর, ২০২৩ তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) উপধারা মোতাবেক আমি অনুজা মন্ডল, উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর, ঝালকাঠি উক্ত ৯ নং শেখেরহাট ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ সদস্য পদটি শূন্য ঘোষণা করিলাম।

**অনুজা মন্ডল**
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/০৮ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ০৫.৪১.৩৩৩৬.০০০.৮১.০১৬.২১-৬০০—গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন ৩নং টোক ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য জনাব মো: সুলতান উদ্দিন আহমদ, পিতা: আবু বাককার, গ্রাম: ডুমদিয়া, পো: ডুমদিয়া-১৭৪৩, উপজেলা: কাপাসিয়া, জেলা: গাজীপুর স্ট্রোক করে গত ০৭ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ সন্ধ্যা ৬.২৫ ঘটিকায় সময় মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহির রাজিউন) মর্মে ৩নং টোক ইউনিয়ন পরিষদ কার্যালয়ের ০৮ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ০০৭ নম্বর স্মারকে প্রতিবেদন দাখিল করেছেন।

এমতাবস্থায়, গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন ৩নং টোক ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ড সদস্য জনাব মো: সুলতান উদ্দিন আহমদ, পিতা: আবু বাককার, গ্রাম: ডুমদিয়া, পো: ডুমদিয়া-১৭৪৩, উপজেলা: কাপাসিয়া, জেলা: গাজীপুর মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়নের ০৬নং ওয়ার্ডের সদস্য পদটি ০৮ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ শূন্য ঘোষণা করলাম।

**এ. কে. এম গোলাম মোর্শেদ খান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

পুলিশ সুপারের কার্যালয়
খুলনা

**অফিস আদেশ**

নং ২৫৭৮/১()/সি—খুলনা জেলার নিম্নবর্ণিত পুলিশ পরিদর্শক' কে নামের পার্শ্বে বর্ণিত ইউনিটে জনস্বার্থে বদলি/পদায়ন করা হলো।

| ক্রমিক | নাম, বিপি নম্বর, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত ইউনিট ও পদ |
|---|---|---|
| ১. | জনাব আবু নাঈম মোহাম্মদ<br>বিপি-৬৯৯৯০১০৯৭১<br>শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক<br>লাইনওআর, খুলনা | ট্রাফিক শাখা, খুলনা |

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ সাঈদুর রহমান**, পিপিএম-সেবা
পুলিশ সুপার।

---

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ পৌষ ১৪৩০/০৩ জানুয়ারি ২০২৪

নং ০৫.০৪.০০০০.০০৯.১১.০০২.১৮/১৯/২৩—বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশক্রমে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২-০৯-২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১২০.১২.০০৮.২৩.১৭০ সংখ্যক স্মারক মোতাবেক জনাব মোঃ আমিনুল ইসলাম, পিতা-মোঃ মিলন শেখ, মাতা-লাইলি বেগম, গ্রাম-পশ্চিম শিমুলিয়া, ওয়ার্ড নং ০৮, ডাকঘর-হলদিয়া, উপজেলা-লৌহজং, জেলা-মুন্সিগঞ্জকে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের অধীন বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের ১০ম গ্রেডভুক্ত ১৬০০০—৩৮৬৪০/- টাকা বেতনস্কেল এর 'ডিজাইন সুপারভাইজার' পদে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো :

(১) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের বিদ্যমান নিয়োগ বিধিমালা মোতাবেক তাকে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে। শিক্ষানবিশ থাকাকালে তার আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(২) শিক্ষানবিশির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর চাকরি সন্তোষজনক হলে বিধি মোতাবেক তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(৩) চাকরিতে তার জ্যেষ্ঠতা সরকারের প্রচলিত বিধি-বিধান মোতাবেক নির্ধারিত হবে;

(৪) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন, তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(৫) যদি তিনি চাকরি হতে ইস্তফা দিতে চান তাহলে নিয়োগকারী কর্তৃপক্ষকে ১ (এক) মাস পূর্বে অবগত করতে হবে, নতুবা ১ (এক) মাসের বেতন কর্তন করা হবে কিংবা ১ (এক) মাসের বেতন ও ভাতাদি ফেরত দিতে হবে;

(৬) তাকে সরকারি বিধি মোতাবেক প্রতিশ্রুতি ফরমে (ফরম-'এ' এবং 'বি') স্বাক্ষর করতে হবে;

(৭) তাকে চাকরিতে যোগদানের ৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত ফরমে তার স্থাবর-অস্থাবর সম্পত্তির হিসাব বিবরণী কর্তৃপক্ষ বরাবরে দাখিল করতে হবে;

(৮) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(৯) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। উপরে বর্ণিত শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য হলে তাকে আগামী ২০ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে মহাপরিচালক (গ্রেড-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ নিয়োগ প্রদান করা হলো।

**মোঃ মমতাজ উদ্দিন এনডিসি**
মহাপরিচালক (গ্রেড-১)।